

ভারতীয় তথ্য-প্রযুক্তি প্রতিষ্ঠান (সরকারি-বেসরকারি অংশিদারিত্ব) বিল, ২০১৭ পাশ হলো কেন্দ্রীয় মন্ত্রিসভায়

নয়াদিল্লি, ১৬ মার্চ, ২০১৭

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদির পৌরহিত্যে কেন্দ্রীয় মন্ত্রিসভা বুধবারের বৈঠকে কিছু বিষয়ের অনুমোদন দিয়েছে। যেমন—

১) ভারতীয় তথ্য-প্রযুক্তি প্রতিষ্ঠান (সরকারি-বেসরকারি অংশিদারিত্বে) বিল, ২০১৭ উত্থাপনের অনুমোদন;

২) সরকারি-বেসরকারি অংশিদারিত্বের ক্ষেত্রে পনেরোটি ভারতীয় তথ্য-প্রযুক্তি প্রতিষ্ঠানকে বিধিবিধি মর্যাদা প্রদান এবং তাদেরকে জাতীয় গুরুত্বের প্রতিষ্ঠান হিসেবে ঘোষণা;

৩) এই প্রতিষ্ঠানগুলির দ্বারা কোর্সগুলির ক্ষেত্রে ছাত্রছাত্রীদের ডিগ্রি দেওয়ার ক্ষেত্রে সক্ষমতা প্রদান।

প্রস্তাবিত এই আই.আই.টি. পি.পি.পি. বিল, ২০১৭ -এ ক্ষেত্রে আর্থিক কোনো বিষয় নেই। এই বিল ভারতীয় তথ্য-প্রযুক্তি প্রতিষ্ঠানগুলিকে (সরকারি-বেসরকারি অংশিদারিত্বে) জাতীয় গুরুত্বের প্রতিষ্ঠান হিসেবে ডিগ্রি প্রদানে সক্ষম করবে। এর ফলে এই প্রতিষ্ঠানগুলি জাতীয় গুরুত্বের অন্যান্য বিশ্ববিদ্যালয় বা শিক্ষা প্রতিষ্ঠানের মত বি.টেক., এম.টেক. অথবা পি.এইচ.ডি. ডিগ্রি প্রদান করতে পারবে। এর ফলে কাজের বাজারে এই ছাত্রছাত্রীদের সম্ভাবনা বাড়বে এবং দেশে তথ্য-প্রযুক্তির ক্ষেত্রে গবেষণাকে শক্তিশালী করার জন্য যথেষ্ট সংখ্যায় ছাত্রছাত্রীদের আকৃষ্ট করবে।

শিল্প ও অর্থব্যবস্থায় দক্ষ প্রযুক্তিগত কর্মীর ক্রমবর্ধমান চাহিদাকে এই প্রতিষ্ঠানগুলির প্রশিক্ষিত কর্মীদের দ্বারা পূরণ করা সম্ভব হবে। প্রতিটি প্রতিষ্ঠানই লিঙ্গ, বর্ণ, ধর্ম, অক্ষমতা, বাসস্থান, জাতি, সামাজিক অথবা অর্থনৈতিক প্রেক্ষাপটের ব্যতিরেকে সবার জন্য উন্মুক্ত। নিম্নলিখিত পনেরোটি প্রতিষ্ঠানই জাতীয় গুরুত্বের প্রতিষ্ঠান হচ্ছে।

অন্ধ্রপ্রদেশ (চিত্তুর), আসাম (গুয়াহাটি), গুজরাট (ভাদোদরা), হরিয়ানা (সোনিপাত), হিমাচলপ্রদেশ (উনা), ঝাড়খণ্ড (রাঁচি), কর্ণাটক (ধারওয়াড়), কেরালা (কোডায়াম), মহারাষ্ট্র (নাগপুর ও পুনে), মনিপুর (সেনাপতি), রাজস্থান (কোটা), তামিলনাড়ু (তিরুচিরাপল্লি), উত্তরপ্রদেশ (লখনউ), পশ্চিমবঙ্গ (কল্যাণী)।